



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
web: www.ugc.gov.bd



নম্বর: ৩৭.০১.০০০০.১১২.৯৯.০০১.১৯.৪৪

তারিখ: ১৭ ভাদ্র ১৪২৮

০১ সেপ্টেম্বর ২০২১

প্রাপক:

- ১) রেজিস্ট্রার (সকল পাবলিক বিশ্ববিদ্যালয়)
- ২) রেজিস্ট্রার (সকল বেসরকারী বিশ্ববিদ্যালয়)

বিষয়: নাসা স্পেস অ্যাপস চ্যালেঞ্জ ২০২১ এর রেজিস্ট্রেশন-এর সময়সীমা বৃদ্ধি প্রসঙ্গে।

মহোদয়,

বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস)-এর তত্ত্বাবধানে এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সহায়তায় শুরু হয়েছে নাসা স্পেস অ্যাপস চ্যালেঞ্জ ২০২১। যুক্তরাষ্ট্রের জাতীয় মহাকাশ সংস্থা নাসার উদ্যোগে সপ্তম বারের মতো বাংলাদেশে আয়োজিত হচ্ছে নাসা স্পেস অ্যাপস চ্যালেঞ্জ।

এই প্রতিযোগিতার মূল লক্ষ্য প্রযুক্তিবিদ, শিক্ষাবিদ, বিজ্ঞানী, নকশাবিদ, চিত্রশিল্পী, উদ্যোক্তাসহ সবার অংশগ্রহণ নিশ্চিত করার মাধ্যমে পৃথিবীর বিভিন্ন বৈশ্বিক সমস্যা সমাধানে উদ্ভাবনী সমাধান খুঁজে বের করা। এবছর নাসা আন্তর্জাতিকভাবে বিশ্বের ২৫টি শহরে এ প্রতিযোগিতা আয়োজন করবে। বেসিস বাংলাদেশের ৯টি শহরে (ঢাকা, চট্টগ্রাম, সিলেট, রাজশাহী, রংপুর, বরিশাল, খুলনা, কুমিল্লা ও ময়মনসিংহ) ভারুয়ালি এই প্রতিযোগিতার আয়োজন করবে।

উল্লেখ্য যে, ২০১৯ সালে “নাসা স্পেস অ্যাপস চ্যালেঞ্জ ২০২০” এ বিশ্বের ১৫০ দেশের ৩৮০০ প্রজেক্টের মধ্যে বাংলাদেশের টিম “বুয়েট জেনিথ” অনারেবল মেনশন ক্যাটাগরিতে বিজয়ী হয়েছে। ২০১৮ সালে বেস্ট ইউজ অব ডাটা ক্যাটাগরিতে বাংলাদেশের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের 'অলিক' দলের প্রকল্প 'লুনার ভিআর' বিশ্বের বিভিন্ন দেশের ১ হাজার ৩৯৫টি দলের সঙ্গে প্রতিযোগিতা করে শীর্ষ ২৫ দলের মধ্যে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে। আমরা আশাবাদী এই বছরও বাংলাদেশের ছেলে-মেয়েরা পুরস্কার জিতে আন্তর্জাতিক অঙ্গনে আমাদের মুখ উজ্জ্বল করবে।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক আপনার প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের সংশ্লিষ্ট প্রতিযোগিতায় অংশগ্রহণের আহবান জানানো হচ্ছে। নাসা স্পেস অ্যাপস চ্যালেঞ্জ ২০২১ এর নিবন্ধনের সময়সীমা আগামী ৭ সেপ্টেম্বর ২০২১ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। আগামী ৭ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে প্রতিযোগীরা <http://bsf.basis.org.bd/NASA-Registration-Form> লিঙ্কের মাধ্যমে রেজিস্ট্রেশন করতে পারবেন। আগামী ২ থেকে ৩ অক্টোবর ২০২১ তারিখে এই প্রতিযোগিতা ভারুয়ালি বিশ্বব্যাপী অনুষ্ঠিত হবে।

এই সম্পর্কিত যে কোনো তথ্যের জন্য নিম্নলিখিত কর্মকর্তার সাথে যোগাযোগ করতে পারেনঃ

জনাব মুন মন্ডল রাজীব, সহকারী ব্যবস্থাপক, বেসিস এবং কমিউনিকেশন লীড, নাসা স্পেস অ্যাপস চ্যালেঞ্জ ২০২১;

মোবাইলঃ ০১৮৫৪৫৫৫৫৩৪, ই-মেইলঃ amca@basis.org.bd

এ ব্যাপারে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনার একান্ত সহযোগিতা কামনা করছি।

আপনার বিশ্বস্ত,



১-৯-২০২১

মোহাম্মদ মাকছুদুর রহমান ভূঁইয়া
পরিচালক (ইনফরমেশন ম্যানেজমেন্ট,
কমিউনিকেশন এন্ড ট্রেনিং বিভাগ) (অতিরিক্ত
দায়িত্ব)

নম্বর: ৩৭.০১.০০০০.১১২.৯৯.০০১.১৯.৪৪/১(৩)

তারিখ: ১৭ ভাদ্র ১৪২৮
০১ সেপ্টেম্বর ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) পিএস (উপ-সচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
- ২) সহকারী সচিব, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও), সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন



১-৯-২০২১

ইমতিয়াজ আহমেদ
সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার